তারিখ 26 OCT 1991
পৃষ্ঠা ৬ কলাম ৩

আজকের কাগজ

১২

# চট্টগ্রাম বিআইটি'র শিক্ষকরা নিরাপত্তা চেয়ে স্মারকলিপি দিয়েছে

বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি)-র শিক্ষক ও কর্মচারিরা ঐ শিক্ষাঙ্গনে তাদের নিরাপত্তা নিশ্চিত করতে উপযুক্ত ব্যবস্থা নেয়ার আহ্বান জানিয়ে বৃহস্পতিবার চট্টগ্রামের বিভাগীয় কমিশনারকে একটি স্মারকলিপি দিয়েছেন। খবর বাসস'র।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে যে, ছাত্রদের দু'টি প্রতিদ্বন্দ্বী গ্রুপ অহরহই গোলাগুলি, ইট-পাটকেল নিক্ষেপ ও সংঘর্ষে লিপ্ত হয়ে শিক্ষাঙ্গনটিকে একটি যুদ্ধক্ষেত্রে পরিণত করেছে। স্মারকলিপিতে অভিযোগ করা হয়েছে যে, প্রতিদ্বন্দ্বী ছাত্ররা বুধবার রাতেও পাঁচ ঘন্টার মতো গুলিবিনিময় করে শিক্ষাঙ্গনে সন্ত্রাস ও নিরাপত্তাহীনতার সৃষ্টি করে।

শিক্ষকরা তাদের দাবির পক্ষে শহরে একটি মিছিল বের করেন।